



## পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

### ব্যংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর /সংস্থার ইনোভেশন টিমে পিকেএসএফ এর সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: ড. একেএম নুরুজ্জামান

সভার তারিখ: ১৮ ফেব্রুয়ারি, ২০১৯

সময়: সকাল ০৯.৩০ ঘটিকা


সভার স্থান: কক্ষ নম্বর-৫৫১, পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-“ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং পরিকল্পনা মোতাবেক কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। বিগত ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের আলোকে উদ্ভাবনী সংশ্লিষ্ট সকল অগ্রগতি ও কর্মপরিকল্পনা নিয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
১.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত উদ্ভাবনী অগ্রগতি বিষয়ক আলোচনা।	সভার গৃহীত সিদ্ধান্ত অনুসারে উদ্ভাবনী ধারণা বিষয়ক লেখা (পরিমার্জন করে) ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখের মধ্যেই প্রেরণের পরামর্শ প্রদান করা হয়।
২.	কর্মকর্তাদের জন্য উদ্ভাবনী বিষয়ক ৫ দিনের প্রশিক্ষণ বিষয়ক আলোচনা।	এমআরএ, বিআইসিএম ও সাধারণ বীমা প্রভৃতি সংস্থা হতে পিকেএসএফ-এ ৫ দিনের প্রশিক্ষণের আয়োজন করার জন্য অনুরোধ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সংস্থা সমূহের মৌখিক প্রস্তাবনা অনুসারে প্রতিটি সংস্থা হতে ২/৩ জন করে প্রশিক্ষণার্থী ৫ দিনের প্রশিক্ষণ গ্রহণের জন্য সুযোগ সৃষ্টি করা যেতে পারে। এছাড়া প্রশিক্ষণে এটুআই ও এফআইডি-ও প্রতিনিধিদের অংশগ্রহণের বিষয়েও ইতিবাচক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সংশ্লিষ্ট বিষয়ে এফআইডি-র পরামর্শ গ্রহণ করতে পত্র প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
৩.	প্রশিক্ষণ ও শিক্ষাসফরের ছবি এফআইডি-তে প্রেরণ প্রসঙ্গে আলোচনা।	প্রশিক্ষণ ও শিক্ষাসফরের ছবি সংগ্রহ করে প্রয়োজনমত এফআইডি-তে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(ড. একে.এম নুরুজ্জামান)

মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও  
ইনোভেশন অফিসার